

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৩২৮/২০১৩-৭৩৯

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮
২৫ নভেম্বর ২০২১

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি Al-Taqua Hajj Kafela Tours & Travel (HL-676), 1906/A, Juboraj Bhaban (2nd Floor), Pc Road, Pahartali, Chittagong এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং


০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু জামানতের ৫০% অর্থ কর্তে হাসানা গ্রহণের নিমিত্ত ২০.০০ লক্ষ টাকার FDR গ্রহণ করে ১০.০০ লক্ষ টাকার FDR আপনার এজেন্সির পরিবর্তে আপনার নিজ নামে ইস্যু করে এ মন্ত্রণালয়ে দাখিল করেছেন যা মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষার শামীল; এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির নামে কোন FDR এ মন্ত্রণালয়ে বিদ্যমান নেই; এবং

০৫। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ ধারায় বর্ণিত অনিয়ম ও অসদাচরণের কারণে ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু আপনার পরিচালিত Al-Taqua Hajj Kafela Tours & Travel (HL-676) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০ কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


এস. এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৯১
e-mail: morahajsection@gmail.com

জনাব মোঃ আব্দুল করিম
স্বত্বাধিকারী


Al-Taqua Hajj Kafela Tours & Travels (HL-676)
1906/A, Juboraj Bhaban (2nd Floor), Pc Road, Pahartali, Chittagong

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৩২৮/২০১৩-৭৩৯

তারিখ: ২৫.১১.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।


এস. এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব